

যুগান্তর

নর্দান ইউনিভার্সিটির ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠিত



🕒 ২৩ অক্টোবর ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশের (এনইউবি) ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। রোববার রাজধানীর দক্ষিণখানের আশকোনায়ে এনইউবির স্থায়ী ক্যাম্পাসে এ আয়োজন করা হয়। রাষ্ট্রপতি ও নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশের আচার্য মোহাম্মদ সাহাবুদ্দিনের পক্ষে অনুষ্ঠানে সভাপতি হিসাবে উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।

উপমন্ত্রী বলেন, তথ্য-প্রযুক্তিভিত্তিক সমাজ গঠন, ডিজিটাল ও স্মার্ট বাংলাদেশ গড়তে যোগ্য ও দক্ষ নাগরিক তৈরির পাশাপাশি মানবিক গুণাবলিরও বিকাশ ঘটাতে হতে হবে। গ্রাজুয়েটদের উদ্দেশ্যে তিনি বলেন, একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলা, জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ ও চতুর্থ শিল্প বিপ্লবের জন্য যুগোপযোগী হয়ে গড়ে উঠতে হবে। অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন প্রধানমন্ত্রীর অর্থনৈতিকবিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান ও বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক ড. বিশ্বজিৎ চন্দ। সমাবর্তন অনুষ্ঠানে ৩৭৩২ জন শিক্ষার্থীকে গ্রাজুয়েশন ও পোস্ট গ্রাজুয়েশন ডিগ্রি এবং আটজন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আনোয়ার হোসেন শিক্ষার্থীদেরকে সুশিক্ষায় শিক্ষিত হয়ে ভালো মানুষ হওয়ার পাশাপাশি সমাজ ও দেশের মানুষের কল্যাণে নিজেদেরকে আত্মনিয়োগ করার আহ্বান জানান। অনুষ্ঠান পরিচালনা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কমডোর (অব.) এম মুনিরুল ইসলাম।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপ-উপাচার্য অধ্যাপক ড. নজরুল ইসলাম, বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান অধ্যাপক ড. আবু ইউসুফ মো. আব্দুল্লাহসহ বিভিন্ন অনুষ্ঠানের দিন, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিক ও সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্ট ব্যক্তির উপস্থিতি ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯

থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, ৰিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সৰ্বস্বত্ব স্বত্বাধিকাৰ সংৰক্ষিত

এই ওয়েবসাইটৰ কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

